

TDC (CBCS) Odd Semester Exam., 2021
held in March, 2022

BENGALI

(1st Semester)

Course No. : BNGDSC/GE-101T

(বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ)

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্স্বছ সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : $1 \times 20 = 20$

- ১। প্রাচীন যুগের বাংলা সাহিত্যের প্রামাণিক নিদর্শন কোনটি ?
- ২। 'চর্যাপদ'-এ মোট কতজন পদকর্তার পদ পাওয়া যায় ?
- ৩। 'চর্যাপদ'-এর আদি পদকর্তার নাম কী ?

- ৪। যুনি দত্ত কোন্ ভাষায় চ্যাগানের টিকা লিখেছিলেন?
- ৫। নেপালে গ্রাণ্ড 'চর্যাপদ'-এর পাঁচটিতে সর্বমোট কয়টি পদ ছিল?
- ৬। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য কোন যুগের নিদর্শন?
- ৭। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে মোট কয়টি খণ্ড আছে?
- ৮। অভিসার পর্যায়ের স্রেষ্ট পদকর্তা কে?
- ৯। কবি জ্ঞানদাস কোন্ কবির ভাবশিষ্য?
- ১০। বিদ্যাপতি কোন্ ভাষায় তাঁর বৈষ্ণব পদঞ্জলি রচনা করেছিলেন?
- ১১। রাত অঞ্চলের 'মনসামঙ্গল' কাব্যধারার একজন কবির নাম লেখো।
- ১২। 'মনসামঙ্গল' কাব্যের আদিকবির নাম কী?
- ১৩। 'চন্দ্রসম্পদ' কাব্যটি আর কী নামে পরিচিত?
- ১৪। 'ধর্মসম্পদ' কাব্যের স্রেষ্ট কবির নাম কী?

- ১৫। কবি ভারতেন্দ্র কার আদেশে 'অন্নদামঙ্গল' কাব্যটি রচনা করেন?
- ১৬। কবি মধুসূদন কাকে বলেছিলেন 'এ বৃষ্ণের অলঙ্কার'?
- ১৭। কৃত্তিবাস রচিত 'বায়ণ' কী নামে পরিচিত?
- ১৮। বিপ্রদাস পিপলাই রচিত 'মনসামঙ্গল' কাব্যের নাম কী?
- ১৯। 'মহাভারত'-এর প্রথম বাংলা অনুবাদক কে?
- ২০। কবি কাশীরাম দাস কোন শতকের কবি?
- ২১। 'সাধকরঞ্জন' গ্রন্থটি কার রচনা?
- ২২। 'শাক্তপদাবলী' কোন শতকের রচনা?
- ২৩। 'পদ্মাবতী' কাব্যটি কার রচনা?
- ২৪। দৌলত কাজীর প্রসিদ্ধ কাব্যগ্রন্থটির নাম লেখো।
- ২৫। আলাওল কার সভাকবি ছিলেন?

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- ২৬। 'চর্যাপদ'-এর ভাষাকে সন্ধ্যাভাষা বলা হয়েছে কেন ?
- ২৭। 'চর্যাপদ' কোথা থেকে, কত সালে প্রকাশিত হয়েছিল ?
- ২৮। চণ্ডীদাস-সমস্যা সম্পর্কে আলোচনা করো।
- ২৯। ব্রজবুলি ভাষা সম্পর্কে যা জানো লেখো।
- ৩০। 'মঙ্গলকাব্য'-এর প্রধান দেবদেবীদের নাম উল্লেখ করো।
- ৩১। 'চণ্ডীমঙ্গল' কাব্যে মোট কয়টি খণ্ড রয়েছে ?
- ৩২। কবি কৃত্তিবাসের মা-বাবার নাম লেখো।
- ৩৩। কাশীরাম দাসের কৌলিক উপাধি কী ছিল? তিনি 'মহাভারত'-এর কয়টি পর্ব অনুবাদ করেছিলেন বলে অভিমত ?
- ৩৪। আগমনী কাকে বলে ?
- ৩৫। রাজসভার সাহিত্য বলতে কী বোঝো ?

SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

৩৬। 'চর্যাপদ'-এর কবিরা ধর্মীয় গূঢ়তত্ত্বকে বোঝাতে গিয়ে যে দেশ-কাল-সমাজ থেকে উপাদান সংগ্রহ করেছেন তা সংক্ষেপে আলোচনা করো।

৩৭। বাংলা সাহিত্যের যুগবিভাজন উল্লেখ করে 'চর্যাপদ'-এর সাহিত্যমূল্য আলোচনা করো।

৩৮। 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩৯। বিদ্যাপতির কবি-প্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪০। 'মনসামঙ্গল' কাব্যধারায় নারায়ণ দেবের কৃতিত্ব নিরূপণ করো।

৪১। কবি ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যটি বাংলা 'মঙ্গলকাব্য'-এর ধারায় কেন অভিনব, সংক্ষেপে আলোচনা করো।

৪২। 'রামায়ণ' অনুবাদে কৃতিবাসের জনপ্রিয়তার কারণগুলি নির্দেশ করো।

৪৩। 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদক কবি কাশীরাম দাস অনূদিত গ্রন্থটির বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

(Turn Over)

৪৪। ‘শাক্তপদাবলী’র ‘আগমনী-বিজয়া’ পর্যায়ের গানে যে মানবিক
রসের প্রকাশ ঘটেছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪৫। মধ্যযুগের বাংলা কব্যে কবি দৌলত কাজীর কবি-কৃতিত্ব
সম্পর্কে আলোচনা করো।
